

ডায়রি থেকে

ঐ গাছে ছিল তার বাস,  
ঐ হুদে ছিল তার স্নান,  
লোকে বলে ঐ পাখি ছিল  
মহতের চেয়ে মহীয়ান --

নমস্কার যখনই বলেছিল  
উনি সহাস্য হতেন --  
ধান কেনাবেচা নিয়ে তাঁকে  
ষ্ট হতে দেখে থাকবেন

আপনারা যাঁরা নিয়মিত  
হাঁটা পথে গ্রামান্তরে যান --  
দৈনন্দিন, কর্মব্যপদেশে,  
ডাকঘরে পত্রের সন্ধান

কেউ কেউ নিশ্চয় করেন --  
ঐ পাখি ডাকপাখি, শুনি  
ঐ গাছ বনবিভাগের,  
মর্মরে অতীতের খুনি

ও বন্দির সমবেত হাসি বেজে ওঠে,  
যা আসলে হাহাকার, উল্লাস, প্রার্থনা --  
পাখি জানে, পাখি জেনেছিল,  
ঐ তার শবদেহ, ঐ তার শতছিন্ন ডানা।

উৎপলকুমার বসু

